# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১১৮৫

পর্ব-8: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. তৃতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

### আরবী

وَعَن حُذَيْفَة نَحْوَهُ وَزَادَ فَكَانَ يَقُولُ: «عَجِّلُوا الرَّكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِبِ فَإِنَّهُمَا تُرْفَعَانِ مَعَ الْمَكْتُوبَةِ» رَوَاهُمَا رَزِينٌ وَرَوَى الْبَيْهَقِيُّ الزِّيَادَةَ عَنْهُ نَحْوَهَا فِي شُعَبِ الْإِيمَان

### বাংলা

১১৮৫-[২৭] হুযায়ফাহ্ (রাঃ) থেকেও এভাবে বর্ণিত হয়েছে। কিন্তু তাঁর বিবরণে এ শব্দগুলোও আছে যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করতেনঃ তোমরা মাগরিবের পরে দু’ রাক্‌’আত (সুন্নাত) দ্রুত পড়ে নাও। এজন্য যে, এ দু’ রাক্‌’আত সালাত (সালাত/নামায/নামাজ)ও ফরয সালাতের সঙ্গে উপরে (অর্থাৎ ’ইল্লীয়্যিনে) পৌঁছে দেয়া হয়। এ উভয় হাদীসই রযীন বর্ণনা করেছেন, বায়হাক্বীর শু’আবুল ঈমানেও এমনই বর্ণিত আছে।[1]

### ফুটনোট

[1] য‘ঈফ জিদ্দান : শু‘আবুল ঈমান ২৮০৪, য‘ঈফ আল জামি‘ ৩৬৮৬। কারণ এর সানাদে আবূ সালিহ একজন দুর্বল রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (عَجِّلُوا الرَّكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِبِ) তোমরা মাগরিবের পর দু’ রাক্‘আত সুন্নাত সালাত (সালাত/নামায/নামাজ) দ্রুত আদায় কর। এ দ্রুত বলতে বিলম্ব না করে তাড়াতাড়ি সালাতে প্রবেশ করাও উদ্দেশ্য হতে পারে। অথবা দ্রুত বলতে সালাতে ক্বিরাআত (কিরআত) খাটো করে সালাত সংক্ষিপ্তভাবে আদায় করাও উদ্দেশ্য হতে পারে। আবার এ দু’টোও উদ্দেশ্য হতে পারে। মুহাম্মাদ ইবনু নাসর বলেন, এ হাদীসটি বিশুদ্ধ নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55745

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন